অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেটব্যাপি পানির ব্যবস্থাপনার আধুনিকায়নে 350 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণা দিয়েছেন এবং হেলথ ডিপার্টমেন্টকে PFOA, PFOS এবং 1,4-ডাইঅক্সেনের জন্য দূষণ মাত্রার সর্বোচ্চ মান নির্ধারণ শুরু করার নির্দেশ দিয়েছেন

নয়টি লং আইল্যান্ড কমিউনিটিতে 1,4-ডাইঅক্সেন মোকাবেলার জন্য 27 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান হিসেবে ঘোষণা করা হয়েছে

নতুন স্থানীয় অবকাঠামোগত প্রকল্পগুলির তহবিল গঠন ও উন্নয়নে সহায়তা করার জন্য অতিরিক্ত 370,000 মার্কিন ডলার যা ঐ এলাকার ক্রমবর্ধমান দূষিত হওয়া 14টি পানি সরবরাহ সিস্টেমকে দূষণের প্রকোপ থেকে মোকাবেলা করবে

নিউ ইয়র্কের ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি কাউন্সিল (Drinking Water Quality Council) দ্বারা সুপারিশকৃত লেভেল PFOA এবং PFOS-এর পক্ষে দেশের সবচেয়ে বড় রক্ষাকারী এবং 1,4-ডাইঅক্সেন এর জন্য প্রথম লেভেল

DOH, DEC এবং EFC মিউনিসিপালিটির মান বজায় রাখতে সহায়তা করার জন্য একসাথে কাজ করবে এবং পানি ব্যবস্থাপনার উন্নয়নের জন্য অর্থায়ন করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে পানির অবকাঠামো উন্নয়ন আইন (Water Infrastructure Improvement Act, WIIA)-এর আওতায় এবং আন্তঃমিউনিসিপ্যালিটি পানির অবকাঠামতে অনুদান সংক্রান্ত প্রোগ্রাম (Intermunicipal Water Infrastructure Grant Program)-এর অংশ হিসেবে 350 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া যাবে যা গণস্বাস্থ্য রক্ষা ও পানির গুণগত মান উন্নয়ন করবে। গভর্নর আরও ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্কের হেলথ কমিশনার, ড. হাওয়ার্ড জুকার নিউ ইয়র্কের ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি কাউন্সিলের সুপারিশ PFOA, PFOS এবং 1,4-ডাইঅক্সেনের দূষণের সর্বোচ্চ স্তর গ্রহণ করেছেন এবং ডিপার্টমেন্টকে ঐ মাত্রাটি ধরে রাখার জন্য মনিটরিং করার নির্দেশনা দেওয়া হয়েছে। PFOA-এর ক্ষেত্রে প্রতি ট্রিলিয়নে 10 ভাগ ও PFOS-এর ক্ষেত্রে প্রতি ট্রিলিয়নে 10 ভাগের স্তরটি জাতির জন্য সহনীয়। 1,4-ডাইঅক্সেনের দূষণের স্তর এটিই প্রথম যেখানে একে প্রতি বিলিয়নে 1 ভাগ আদর্শ স্তরের দূষণ হিসেবে নির্ধারণ করা হয়েছে। একবার গৃহীত হলে, এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) এবং ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC) হেলথ ডিপার্টমেন্টের (Department of

Health, DOH) সাথে সমন্বয়ের মাধ্যমে ফান্ড পেতে ও পানি ব্যবস্থাপনার সমস্যা দূর করার জন্য আন্তরিকভাবে কাজ করতে পারবে ও পানির দূষণের নতুন সর্বোচ্চ মাত্রা পরীক্ষা করতে পারবে।

"তিনটি ক্রমবর্ধমান দূষণ সৃষ্টিকারী পদার্থের জন্য জাতীয়ভাবে কোন স্তর পর্যন্ত স্বাস্থ্য ঝুঁকিহীন তা আমরা প্রস্তাব করছি যেন সেটি স্টেটে মারাত্মক স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টির আগেই সেটি পরীক্ষা করা ও পানির সুব্যবস্থাপনাকে নিশ্চিত করা যায়", **গভর্নর কুওমো বলেন।** "ফেডারেলের পদক্ষেপের অনুপস্থিতিতে নিউ ইয়র্ক স্টেট অগ্রণী ভূমিকা পালন করা অব্যাহত রাখবে যেন সবাই সুপেয় পানি পায় এবং এটি করতে যে ক্রিটিকাল প্রকল্পসমূহে বিনিয়োগ করা হয়েছে জেনে মিউনিসিপ্যালবাসী পানি দূষণ প্রতিরোধ করতে পারে।"

স্টেটের PFOA ও PFOS-এর যে স্তর নির্ধারণ করেছে সেটি ফেডারেল EPA-এর প্রতি ট্রিলিয়নে বর্তমান 70 ভাগের চাইতে কম। যেকোনো সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকির প্রভাব বোঝা যাবে জীবনভর কেউ প্রতি ট্রিলিয়নে 70 ভাগ পানি দূষণের সাথে থাকলে, তবে এটির প্রকোপ খুব স্বল্প সময়ের মধ্যে দেখা যাবে না। যদিও 1,4-ডাইঅক্সেন বিষয়ে EPA-এর কোনো নির্দেশনা নেই, ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি কাউন্সিলের সুপারিশ থাকা সত্ত্বেও, DOH সবচেয়ে সহজপ্রাপ্য বিজ্ঞানের তথ্য ব্যবহার করে দূষণের একই মাত্রা প্রতি বিলিয়নে 1 ভাগ নির্ধারণ করেছে। এরূপ উচ্চতর সহনশীল মাত্রা (maximum contaminant levels, MCLs)-এর দূষণ স্তর নির্ধারণ করা এবং প্রতিটি পানি সরবরাহ ব্যবস্থা, সেটির আকার যাই হোক না কেন, নিয়মিত পরীক্ষা ও তদারকি করা এটি নিশ্চিত করবে যে দূষণের কারণে গণস্বাস্থ্য ঝুঁকি যেন না হয়।

350 মিলিয়ন মার্কিন ডলারের পানির গুণগত মানোন্নয়ন প্রকল্পের অনুদান যোগ্য প্রকল্পের মধ্যে থাকছে PFOA, PFOS এবং 1,4-ডাইঅক্সেন-এর মতো সকল দূষণকারী পদার্থের ক্রমবর্ধমান ঝুঁকি হ্রাস করার পাশাপাশি ব্যবস্থাপনার উন্নয়ন, নতুন প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা যেন পয়নিষ্কাশন ব্যবস্থার উন্নতি ঘটে ও জলাবদ্ধতা রোধ করা যায়। নয়টি লং আইল্যান্ড প্রকল্পগুলিকে সহায়তার জন্য গভর্নর আরও 27 মিলিয়ন মার্কিন ডলার অনুদান হিসেবে ঘোষণা করেছেন যেটি খাওয়ার পানির ক্রমবর্ধমান দূষণ দূর করবে। গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেটের 2017 বিশুদ্ধ পানির অবকাঠামো আইন এবং 2020 অর্থবছরের অনুমোদিত বাজেটে জলবায়ু সংকটের প্রয়োজনীয়তা মোকাবেলার জন্য 3 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে।

"সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য আমাদের পানীয় জল দূষণমুক্ত করার কাজটি সুনিশ্চিত করা অত্যন্ত জরুরি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "গুরুতর সমস্যা দূষণকারীর মোকাবেলা করার এই প্রক্রিয়াটি পানির গুণমানকে উন্নত ও সুরক্ষিত করার মাধ্যমে স্বাস্থ্যগত চাহিদাবলী পূরণ করবে। আমরা এটি নিশ্চিত করতে চাই যে, কমিউনিটিগুলিতে যেন তাদের জল শোধন প্রণালীর উন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা থাকে এবং নাগরিকদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে সুনিশ্চিত করা যায়।"

নিয়ন্ত্রক প্রক্রিয়া, জনগণের মন্তব্য এবং MCL সংযোজন

স্টেটের পানির বিধিমালা সংশোধন করতে নিউ ইয়র্ক স্টেট রেজিস্টারে প্রস্তাবিত নিয়ম প্রণয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তিটি এখানে জমা দেওয়া হয়েছে এবং বুধবার 24 জুলাই প্রকাশিত হবে যখন একটি

60 দিনের জনসাধারণের মন্তব্য গ্রহণ শুরু হবে। জনসাধারণের মন্তব্য regsqna@health.ny.gov-তে পাঠানো যাবে। স্বাস্থ্য অধিদফতরের অনুমোদন সাপেক্ষে জনসাধারণের মন্তব্যের মূল্যায়ন অনুসরণ করে গণস্বাস্থ্য ও স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিল (Public Health and Health Planning Council) কর্তৃক প্রস্তাবিত প্রস্তাবটি সংযোজনের জন্য সংশোধন বা জমা দেওয়া হবে। নিউ ইয়র্ক স্টেট রেজিস্টারে নোটিশ অব অ্যাডপশন (Notice of Adoption) প্রকাশের পর এই আইন কার্যকর হবে। একবার গৃহীত হলে প্রবিধান হিসেবে উল্লিখিত সমস্ত মাপের পাবলিক ওয়াটার সিস্টেমকে নির্দিষ্ট সময়সীমার মধ্যে তাদের পানি পরীক্ষা করতে হবে এবং গৃহীত MCL-সমূহ মেনে চলতে হবে। আইনটি গৃহীত হওয়ার তিন মাসের মধ্যে অধিকাংশ পানি সরবরাহকারীকে তাদের প্রথম রাউন্ডের পরীক্ষার ফলাফল জমা দিতে হবে।

PFOA/PFOS-এর জন্য দেশের সর্বাধিক সুরক্ষামূলক MCL গৃহীত হয়েছে

ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি কাউন্সিলের সুপারিশ PFOA এর জন্য প্রতি ট্রিলিয়নে 10 ভাগ এবং PFOS এর জন্য প্রতি ট্রিলিয়নে 10 ভাগ MCL ড. জুকার গ্রহণ করেছেন। এই স্তরগুলি দেশের সর্বনিম্নতম এবং জাতীয় প্রাপ্তবয়স্ক জনগোষ্ঠীর "শারীরিক বোঝা" বা সেই বাস্তবতাকে বিবেচনা করে যে সমস্ত প্রাপ্তবয়স্কদের ইতোমধ্যে এই সকল এবং অন্যান্য সংশ্লিষ্ট রাসায়নিকগুলির সংস্পর্শে এসেছেন। PFOA একটি রাসায়নিক যা নন-স্টিক, দাগ প্রতিরোধী এবং পানির রিপ্লেটেন্ট পণ্যগুলি তৈরিতে ব্যবহৃত হয় এবং PFOS একটি রাসায়নিক যা অগ্নিনির্বাপক ফেনায় ব্যবহার করা হয়। স্টেটের সুপারফান্ড প্রোগ্রাম (State Superfund Program)-এর মাধ্যমে স্টেট গ্রানুলার অ্যাক্টিভেটেড কার্বন ফিল্টারেশন (Granular Activated Carbon Filtration, GACs) সিস্টেমগুলি স্থাপনের জন্য কয়েক মিলিয়ন বিনিয়োগ করেছে যা সফলভাবে বিভিন্ন কমিউনিটির পানির সরবরাহসমূহ থেকে PFOA এবং PFOS-কে অপসারণ করছে। স্টেট চূড়ান্তভাবে যেকোনো পরিবেশগত প্রতিকারের ক্ষেত্রে স্টেট ও স্থানীয় পর্যায়ে যেকোনো ব্যয়ের দায়বদ্ধতা গ্রহণ করছে।

1,4-ডাইঅক্সেন গ্রহণের জন্য দেশের প্রথম MCL

1,4-ডাইঅক্সেনের জন্য কমিশনার ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি কাউন্সিলর দেশের প্রথম প্রতি বিলিয়নে 1.0 ভাগ (ppb) MCL-এর সুপারিশ মেনে নিয়েছেন। 1,4-ডাইঅক্সেন একটি রাসায়নিক যা সলভেন্টস, পেইন্ট স্ট্রিপারস, গ্রিজ এবং ওয়েক্সে স্ট্যাবিলাইজার হিসেবে ব্যবহার করা হয়। স্টেট অ্যাডভান্সড অক্সিডেটিভ প্রসেস (Advanced Oxidative Process, AOP) নামে 1,4-ডাইঅক্সেনের জন্য একটি কার্যকর নতুন পরিশোধন প্রযুক্তি অনুমোদন করেছে যা ইতোমধ্যে লং আইল্যান্ডের সাফক কাউন্টি ওয়াটার অথরিটি (Suffolk County Water Authority) কর্তৃক ব্যবহার করা হচ্ছে।

পানির গুণগত মান উন্নয়ন বিষয়ক অবকাঠামোগত প্রকল্পের জন্য তহবিল

স্টেটব্যাপী কমিউনিটিসমূহকে সুরক্ষিত রাখতে সুপেয় পানির সরবরাহ ও অবকাঠামোগত উন্নয়নে পৃষ্ঠপোষকতার জন্য গভর্নর 350 মিলিয়ন মার্কিন ডলারের প্রাপ্যতা ঘোষণা করেছেন। অর্থায়নের জন্য আবেদন করার যোগ্য মিউনিসিপ্যালিটিসমূহ:

- **ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার ইম্প্রুভমেন্ট অ্যাক্ট ওয়েস্টওয়াটার ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টস:** আবেদনকারীদের প্রকল্পের আকারের উপর ভিত্তি করে উপযুক্ত প্রকল্পের

মোট ব্যয়ের শতকরা 25 ভাগ বা সর্বাধিক 25 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে যেটি ন্যূনতম সেই পরিমাণ তহবিল পেতে পারে।

- **ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার ইম্প্রুভমেন্ট অ্যাক্ট ড্রিংকিং ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টস:** আবেদনকারীরা যোগ্য প্রকল্পের মোট ব্যয়ের শতকরা 60 ভাগ বা 3 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে যেটি ন্যূনতম সেই পরিমাণ তহবিল পেতে পারে।
- **ইন্টারমিউনিসিপ্যাল ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার গ্রান্টস ক্লিন ওয়াটার অ্যান্ড ড্রিংকিং ওয়াটার প্রজেক্টস:** আবেদনকারীরা যোগ্য প্রকল্পের মোট ব্যয়ের শতকরা 40 ভাগ বা 10 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে যেটি ন্যূনতম সেই পরিমাণ তহবিল পেতে পারে।

আবেদনকারীরা আজ ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার ইম্প্রুভমেন্ট অ্যাক্ট গ্রান্ট ফান্ডিংয়ের জন্য আবেদন করতে চাইলে নিচের লিঙ্কে যেতে পারেন: https://www.efc.ny.gov/WIIAApply।

<u>ক্রমবর্ধমান দূষণের জন্য তহবিল গঠন</u>

স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন, স্বাস্থ্য বিভাগের সহযোগীতায় লং আইল্যান্ডবাসীদের পানীয় জল ব্যবস্থাপনার আধুনিকায়নে এবং PFOA, PFOS ও 1,4-ডাইঅক্সেন নামক ক্রমবর্ধমান দূষণ মোকাবেলার জন্য 27 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা দিয়েছে। এই অনুদান প্রতিটি প্রকল্পের ব্যয়ের শতকরা 60 ভাগ আর্থিক সহায়তা প্রদান করবে যা সর্বোচ্চ 3 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদান হবে। এছাড়াও, এই প্রকল্প নির্মাণ, সরবরাহকারী ও সেবাদান প্রতিষ্ঠানের মতো স্থানীয় কর্মসংস্থানগুলোকে সহায়তা করবে বলে প্রত্যাশা করা হয়।

নিম্ন বর্ণিত কমিউনিটির প্রত্যেকে তাদের বিশুদ্ধকরণ ব্যবস্থাপনার জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার হাতে পেয়েছে:

- ফ্র্যাংকলিন স্কয়ার ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি) ভোলাটিলে অর্গানিক কম্পাউন্ড (Volatile Organic Compound, VOC) এবং 1,4-ডাইঅক্সেন ট্রিটমেন্ট;
- গ্রিনলন ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন ট্রিটমেন্ট;
- টাউন অভ হেম্পস্টেড (নাসাউ কাউন্টি): ইস্ট মিয়াডোও ওয়াটার ডিস্ট্রিক্ট 1,4-ডাইঅক্সেন ট্রিটমেন্ট;
- টাউন অভ হান্টিংটন (সাফোক কাউন্টি): 1,4-ডাইঅক্সেন ট্রিটমেন্ট;
- ম্যানহাসসেট-লেকভিলে ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন ট্রিটমেন্ট;
- ওয়েস্টার বে ওয়াটার ডিস্ট্রিক্ট (সাফোক কাউন্টি): 1,4-ডাইঅক্সেন ট্রিটমেন্ট;
- পোর্ট ওয়াশিংটন ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন অ্যান্ড PFOA ট্রিটমেন্ট;
- সাউথ ফার্মিংডেলে ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন ট্রিটমেন্ট; অ্যান্ড
- ওয়েস্ট হেম্পস্টিড ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন ট্রিটমেন্ট।

27 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ছাড়াও, 370,000 মার্কিন ডলারের ফান্ড সহায়তা দেওয়া হচ্ছে যেন নতুন স্থানীয় অবকাঠামোগত প্রকল্পগুলির তহবিল গঠন ও উন্নয়নে ব্যয় করতে পারে যা দ্বারা ক্রমবর্ধমান দূষণের মোকাবেলা করা যায়। 14টি পাবলিক ওয়াটার সিস্টেমকে 50,000 মার্কিন ডলার পর্যন্ত প্ল্যানিং গ্রান্ট প্রদান করা হয়েছে।

- টাউন অভ বার্লিন (রেন্সেলার কাউন্টি): নন-PFOA উৎসের পানির অনুসন্ধান পরিকল্পনার জন্য 20,625 মার্কিন ডলার;
- টাউন অভ পিটারসবার্গ (রেন্সেলার কাউন্টি): পানির ব্যবস্থা উন্নয়ন পরিকল্পনার জন্য 20,625 মার্কিন ডলার;
- ভিলেজ অভ ইন্ডিকোর্ট (ব্রুমি কাউন্টি); একটি উদ্ভূত দূষণকারী পানির ব্যবস্থা গবেষণার জন্য 30,000 মার্কিন ডলার;
- টাউন অভ প্লিসেন্ট ভ্যালি (ডাচেই কাউন্টি): হ্যামলেট ওয়াটার ডিস্ট্রিক্ট নির্মাণ পরিকল্পনার জন্য 30,000 মার্কিন ডলার;
- বেথপেজ ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন, নাইট্রেট এবং VOC নিষ্কাশন পরিকল্পনার জন্য 19,600 মার্কিন ডলার;
- ভিলেজ অভ ফার্মিংডেলে (নাসাউ কাউন্টি): VOC এবং উদ্ভূত দূষণকারী নিষ্কাশন পরিকল্পনার জন্য 19,920 মার্কিন ডলার;
- গার্ডেন সিটি পার্ক ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন পরিশোধন পরিকল্পনার জন্য 19,600 মার্কিন ডলার;
- হিকসভিলে ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): একটি উদ্ভূত দূষণকারী পরিকল্পনা প্রতিবেদনের জন্য 30,000 মার্কিন ডলার;
- জেরিকো ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন পরিশোধন পরিকল্পনার জন্য 50,000 মার্কিন ডলার;
- ভিলেজ অভ মিনেলো (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন পরিশোধন পরিকল্পনার জন্য 30,000 মার্কিন ডলার;
- প্লেইন ভিউ ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন পরিশোধন পরিকল্পনার জন্য 19,600 মার্কিন ডলার;
- রোজলিন ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন ট্রিটমেন্ট পরিকল্পনার জন্য 30,000 মার্কিন ডলার;
- ওয়েস্টবুরি ওয়াটার ডিস্ট্রিক্ট (নাসাউ কাউন্টি): 1,4-ডাইঅক্সেন পরিশোধন পরিকল্পনার জন্য 30,000 মার্কিন ডলার; এবং
- ওয়েস্টচেস্টার কাউন্টি: নিউ কিং স্ট্রীটে পানির ব্যবস্থা সম্প্রসারণের জন্য 30,000 মার্কিন ডলার।

এখনো পর্যন্ত, EFC কর্তৃক পরিচালিত স্টেটব্যাপী চলা গুরুত্বপূর্ণ পানীয় ও বর্জ্য জলের পরিকাঠামোর প্রকল্পগুলির জন্য ওয়াটার ইনফ্রাসট্রাকচার অ্যাক্ট 775 মিলিয়ন ডলার অর্থ দিয়েছে এবং ইন্টারমিউনিসিপ্যাল গ্র্যান্ট কর্মসূচি প্রকল্পের মোট খরচের আনুমানিক 2.7 বিলিয়ন ডলার অর্থ দিয়েছে।

ডিপার্টমেন্ট অব হেলথ (DOH) এর কমিশনার ডা. হাওয়ার্ড জুকের বলেন, "ক্রমবর্ধমান দূষণকারীদের উপর ফেডারেল নেতৃত্বের অব্যাহত অভাব এই বিষয়টি স্পষ্ট করেছে যে নিউ ইয়র্ককে অবশ্যই জলবায়ুর গুণগত মান রক্ষা করতে নিজের কোর্সটি চার্ট করতে হবে। স্টেট এখন প্রয়োগযোগ্য সর্বোচ্চ দূষকের মাত্রা নির্ধারণে অগ্রসর হচ্ছে, গভর্নর কুওমো এই দূষকদের কার্যকরভাবে মোকাবেলা করার জন্য এই কমিউনিটিসমূহের আর্থিক সহায়তা এবং সহযোগিতা প্রাপ্তি নিশ্চিত করছেন।"

ডিপার্টমেন্ট অব এনভায়রনমনেটাল কনজারভেশনের কমিশনার বেসিল সেগোস বলেন, "আমরা পানীয় জলের ক্রমবর্ধমান দূষণগুলো নিয়ন্ত্রণে উন্নতি করার জন্য এই ব্যাপক প্রস্তাবটি এগিয়ে নিতে স্বাস্থ্য বিভাগে আমাদের সহকর্মীদের প্রশংসা করি। আমাদের কমিউনিটির স্বাস্থ্যের জন্য, পরিবেশ ও অর্থনীতির জন্য পানি রক্ষার প্রয়োজনীয়তা এবং গভর্নর কুওমো কর্তৃক প্রদত্ত নেতৃত্ব ও তহবিল আজ গুরুত্বপূর্ণ পানীয় অবকাঠামোকে উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। DEC স্টেটজুড়ে কাজ চালিয়ে যাবে যাতে নিউ ইয়র্কের অধিবাসীদের পরিষ্কার পানীয় জল প্রাপ্তি নিশ্চিত করা যায় এবং যেকোনো দূষণের জন্য দায়বদ্ধ ব্যক্তিদের দায়ী করা যায়।"

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (EFC)-এর সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা সাবরিনা এম টাই বলেন, "গভর্নর কুওমো ক্রমবর্ধমান দূষণের বিষয়ে পরিবেশগত নেতৃত্বের রেকর্ড স্থাপন করেছেন এবং আজ ঘোষণা করা অনুদানগুলি লং আইল্যান্ড জুড়ে কমিউনিটিসমূহকে তাদের পানির সরবরাহসমূহকে রক্ষা করতে সহায়তা করবে। পরিচ্ছন্ন পানীয় জল আমাদের সম্প্রদায়ের সমৃদ্ধির কেন্দ্রস্থল এবং EFC প্রত্যেকের জন্য স্বাস্থ্যকর নিউ ইয়র্ক তৈরিতে তার দায়িত্ব পালনের জন্য প্রস্তুত।"

সেনেট স্বাস্থ্য কমিটির (Senate Health Committee) সভাপতি সেনেটর গুস্তাভো রিভেরা বলেন, "এটি উৎসাহব্যঞ্জক যে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ নিউ ইয়র্ক স্টেট ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি কাউন্সিলের MCL সুপারিশগুলি গ্রহণ করছে যা আমাদের স্টেটের পানীয় জলের তিনটি ক্রমবর্ধমান দূষণকে পর্যাপ্তভাবে নিয়ন্ত্রিত করবে। এই সুপারিশগুলি বাস্তবায়ন আমাদের সুপেয় পানি সরবরাহকে রক্ষা করবে এবং স্টেট জুড়ে নিউ ইয়র্কের অধিবাসীদের স্বাস্থ্যকে PFOS, PFOA এবং 1,4-ডাইঅক্সেনের বিপজ্জনক সংস্পর্শে আসা থেকে রক্ষা করবে।"

সিনেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটি (Senate Environmental Conservation Committee)-এর সভাপতি সিনেটর টড কামিনস্কি বলেন, "লং আইল্যান্ডাররা উদ্বিগ্ন যে ক্রমবর্ধমান দূষণ তাদের পানি সরবরাহের গুণমানকে প্রভাবিত করছে। কঠোর সীমা নির্ধারণ এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দকরণ এই চ্যালেঞ্জ মোকাবেলার ক্ষেত্রে প্রথম গুরুত্বপূর্ণ ধাপ -- সেইসাথে এখানে ঘোষিত তহবিলের রাউন্ড আমাদের স্টেট সরকারের ধারাবাহিক অগ্রাধিকার হওয়া আবশ্যক। লং আইল্যান্ডের জন্য এই গুরুত্বপূর্ণ ইস্যুতে গভীরভাবে মনোযোগ দেওয়ার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি হেলথ কমিটির সভাপতি অ্যাসেম্বলি সদস্য রিচার্ড গটফ্রিড বলেন, "দেশের সবচেয়ে সুরক্ষিত দূষণ স্তরের মাধ্যমে নিউ ইয়র্কের জাতীয় পরিবেশবাদী নেতা হওয়ার দায়িত্ব রয়েছে।

এইসকল বিপজ্জনক রাসায়নিক সম্পর্কে ক্রমবর্ধমান বিজ্ঞানভিত্তিক পর্যবেক্ষণসহ স্টেটের বিভিন্ন কমিউনিটিসমূহে এই মানদণ্ড পূরণের জন্য প্রয়োজনীয় পরীক্ষা ও প্রতিকার বাস্তবায়ন করার জন্য আমাদের পানির গুণমানের প্রতি দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ থাকা উচিত।"

অ্যাসেম্বলি এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটি (Assembly Environmental Conservation Committee)-এর সভাপতি অ্যাসেম্বলি মেম্বার স্টিভ এঙ্গেলব্রাইট বলেন, "যদিও বিপজ্জনক পদার্থের মাধ্যমে আমাদের পানীয় জল দূষিত করা উচিত নয়, তবে এই তিনটি রাসায়নিকের জন্য দূষণের নতুন সীমা মানব স্বাস্থ্য রক্ষায় গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই নতুন সীমাগুলি সুপারিশ করার ক্ষেত্রে তাদের পরিশ্রমের জন্য আমি ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি কাউন্সিলের প্রতি কৃতজ্ঞতা জানাই এবং স্বাস্থ্য অধিদপ্তরকে আনুষ্ঠানিকভাবে কাউন্সিলের সুপারিশটি গ্রহণ করার নির্দেশ দেওয়ার জন্য গভর্নর কুওমোর প্রশংসা করি।"

প্রযুক্তিগত সহায়তা

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট ওয়াটার কোয়ালিটি রেপিড রেসপন্স টিমকে সিস্টেমের প্রয়োজনীয়তাগুলি মূল্যায়ন এবং অনুদান তহবিলের জন্য আবেদন করতে আগ্রহী সম্প্রদায়গুলিকে তাৎক্ষণিক প্রযুক্তিগত সহায়তা প্রদানের নির্দেশ দিয়েছেন। উপরন্তু, DOH স্টেটের অন্যান্য অংশে কার্বন পরিস্রাবণ এবং AOP পরিশোধন ব্যবস্থার সফল তত্ত্বাবধানে প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে। এতে প্রকৌশলগত পরামর্শ অন্তর্ভুক্ত করা হবে, পর্যবেক্ষণ এবং কার্যক্ষম প্রোটোকল স্থাপন করা হবে এবং সম্ভাব্য অনুদান ও ঋণের অর্থায়ন বিকল্পগুলির জন্য নির্দেশিকা অন্তর্ভুক্ত হবে। 2016 সালে গভর্নর কুওমো কর্তৃক প্রতিষ্ঠিত, নিউ ইয়র্ক স্টেট ওয়াটার কোয়ালিটি রেপিড রেসপন্স টিম পানীয় জলে ক্রমবর্ধমান দূষণের সংস্পর্শ হ্রাস করার জন্য একটি আক্রমণাত্মক প্রোটোকল বাস্তবায়ন অব্যাহত রাখে।

নিউ ইয়র্কের ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি কাউন্সিল সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক দেখুন: https://www.health.ny.gov/environmental/water/drinking/dwqc/।

নিউ ইয়র্কের ড্রিংকিং ওয়াটার প্রোটেকশন প্রোগ্রাম সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক দেখুন: https://www.health.ny.gov/environmental/water/drinking/।

পানি ব্যবস্থাপনার জন্য অনুদান তহবিলের সুযোগ সম্পর্কিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক দেখুন: https://www.health.ny.gov/environmental/water/drinking/financing.htm।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন